# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**27 OCTOBER 2025** **7:45—7:55 PM**

---

(১) মুখ্যমন্ত্রীর নিযুত মইনা প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের চেক বিতরণ কার্যসূচীর সূচনা/ বাল্যবিবাহ এবং বহু বিবাহের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে মুখ্যমন্ত্রীর ঘোষণা/বরাক উপত্যকার তিন জেলায়ও নিযুত মইনা প্রকল্পের অধীন ছাত্রীদের মধ্যে চেক বিতরণ/

(২) দেশের বারোটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে আগামী চৌঠা নভেম্বর থেকে দ্বিতীয় পর্যায়ের ভোটার তালিকার বিশেষ বিস্তৃত সংশোধনী/ আসামে এখনই এই সংশোধনী হচ্ছে না বলে নির্বাচন কমিশনের প্রকাশ/

(৩) দেশের মধ্যে সবচেয়ে কম দুর্নীতিগ্রস্ত রাজ্যের তালিকায় মিজোরামের দ্বিতীয় স্থান দখল/

এবং

(৪) তিন দশক পর শিলচর-আগরতলার মধ্যে পুনরায় বিমানসেবা আগামীকাল থেকে আরম্ভ/

---------------------------------------------------------------------------------

নারী শিক্ষার ক্ষেত্রে যুগান্তকারী পদক্ষেপ হিসেবে মুখ্যমন্ত্রীর নিযুত মইনা প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের আওতায় আজ উচ্চশিক্ষা লাভের জন্য ছাত্রীদের মধ্যে চেক বিতরণ কার্যসূচীর সূচনা করা হয়েছে । এই উপলক্ষে গুয়াহাটির সরুসজাইয়ের অর্জুন ভোগেশ্বর বড়ুয়া ক্রীড়া প্রকল্পে আয়োজিত কেন্দ্রীয় কার্যসূচীতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । ডঃ শর্মা তাঁর ভাষণে বলেন যে- ২০২৪-২৫ বর্ষে এই প্রকল্পের আওতায় একলক্ষ ৬০ হাজার ছাত্রীর জন্য ১৩৩ কোটি টাকা মঞ্জুর করা

হয় । এদিকে ২০২৫-২৬ বর্ষে এই প্রকল্পের অধীনে তিন লক্ষ ৫০ হাজার ছাত্রীকে উচ্চশিক্ষা লাভের সুবিধা প্রদানের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । তিনি বলেন যে- উচ্চশিক্ষা আহরণের পথে রাজ্যের দশ লক্ষ কন্যা শিক্ষার্থীর সুবিধার্থে আসাম সরকার এই উচ্চাশামূলক পদক্ষেপ গ্রহণ করেছে । এই প্রকল্পের মাধ্যমে কলেজে ছাত্রীভর্তির সংখ্যা বৃদ্ধি, বাল্যবিবাহ ও কৈশোরকালীন মাতৃত্ব রোধ, প্রত্যেক কন্যাশিশুর শিক্ষা, স্বাস্থ্য ও নিরাপত্তা সুনিশ্চিত হয়েছে । তিনি ভাষণ প্রসঙ্গে বাল্যবিবাহের মতো দুর্ঘটনা থেকে রাজ্যের মেয়েদের সম্পূর্ণরূপে মুক্ত করার দৃঢ় সংকল্পের কথা পুনরায় ব্যক্ত করেন বলেন..... বাইট...

এছাড়া রাজ্যে মহিলাদের মর্যাদা রক্ষার ক্ষেত্রে গুরুত্ব আরোপ করার কথাও তিনি তুলে ধরেন । অনুষ্ঠানে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু, গুয়াহাটির সাংসদ বিজুলী কলিতা মেধি, পূর্ব গুয়াহাটির বিধায়ক সিদ্ধার্থ ভট্টাচার্য সহ বেশকয়েকজন বিধায়ক উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ নিযুত মইনা প্রকল্পের চেক বিতরন করা হয়েছে । জেলার ১৩ টিরও বেশী শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট ৬ হাজার ২৭০ জন ছাত্রী সরকারের আর্থিক সহায়তার চেক পেয়েছে । অনুষ্ঠানের প্রধান অতিথি শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য এই প্রকল্পকে জ্ঞানের বিনিয়োগ বলে আখ্যায়িত করেছেন । বিশেষ অতিথি রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্থ ছাত্রীদের নিরন্তর অধ্যয়নে উদ্বুদ্ধ করেন । শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী শিক্ষাক্ষেত্রে এই প্রকল্পকে ঐতিহাসিক মাইলফলক বলে উল্লেখ করে নিষ্ঠা সহকারে পড়াশোনা করতে ছাত্রীদের পরামর্শ দেন । অনুষ্ঠানে কাছাড় জেলার সহকারী কমিশনার বহ্নিশিখা চেতিয়া , বিদ্যালয় পরিদর্শক গণেশ হরিজন , অধ্যাপক পি কে সিনহা সহ বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

শ্রীভুমি জেলায় আজ রাজ্যের মীন ,পশুপালন ও পশু চিকিৎসা এবং পূর্ত বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল পাথারকান্দি বিধানসভার অর্ন্তগত সোনাখিরার স্বামী বিবেকানন্দ কলেজে আনুষ্ঠানিকভাবে ছাত্রীদের চেক বিতরণ করেন । অনুষ্ঠানে সহকারী আয়ুক্ত রংবামন টেরন এবং কলেজের অধ্যক্ষ ও শিক্ষকরা উপস্থিত ছিলেন । জেলার ৪২ টি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ৫ হাজার ৪৮৭ জন ছাত্রী এবং স্নাতক স্তরে ৪ হাজার ৫৩১ জন ছাত্রীকে এই প্রকল্পের চেক প্রদান করা হয়েছে ।

হাইলাকান্দি জেলায় ৩৩ টি শিক্ষা প্রতিষ্ঠানের ৬ হাজার ৯২৪ জন ছাত্রীর মধ্যে এই প্রকল্পের চেক বন্টন করা হয়েছে । হাইলাকান্দির এস এস কলেজে আয়োজিত অনুষ্ঠানে বিধায়ক জাকির হুসেন লস্কর,জেলা আয়ুক্ত অভিষৈক জৈন , অতিরিক্ত আয়ুক্ত ত্রিদিব রায় ,বিজেপি সভাপতি কল্যাণ গোস্বামী এবং অদ্যক্ষ ড.রতন কুমার উপস্থিত ছিলেন । উল্লেখ্য দ্বিতীয় পর্যায়ের এই প্রকল্পে জেলার উচ্চ মাধ্যমিক স্তরে ৪ হাজার ৩৫৩ জন , স্নাতক স্তরে ২ হাজার ৫৪৭ জন এবং বি এড স্তরে মোট ২৪ জন ছাত্রী উপকৃত হয়েছে ।

ডিমা হাসাও জেলার হাফলংয়েও আজ নিযুত মইনা প্রকল্পের চেক বিতরন করা হয়েছে । উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের মূখ্য কার্যবাহী সদস্য দেবোলাল গারলোসা এবং রাজ্যের মন্ত্রী নন্দিতা গারলোসা ২ হাজার ৭৪৭ জন ছাত্রীদের মধ্যে এই প্রকল্পের চেক বিতরন করেন ।

---------------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন দেশের বারোটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে দ্বিতীয় পর্যায়ের ভোটদাতার তালিকার বিশেষ বিস্তৃত সংশোধনী আরম্ভ করবে । তবে এই রাজ্যসমূহের মধ্যে আসামকে অর্ন্তভুক্ত করা হয়নি । আজ নতুনদিল্লিতে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এক সাংবাদিক সম্মেলনে এই বিষয়ে প্রকাশ করেছেন । তিনি বলেন যে- ভোটদাতাদের তালিকা স্বচ্ছ ও ত্রুটিমুক্ত করার জন্য এই ব্যবস্থা নেওয়া হয়েছে । এই পর্যায়ে আগামী চৌঠা নভেম্বর থেকে ছত্তিসগড়, উত্তর প্রদেশ, গোয়া, কেরালা, পুডুচেরী, গুজরাট, রাজস্থান, পশ্চিমবঙ্গ, লাক্ষাদ্বীপ, আন্দামান নিকোবর এবং মধ্যপ্রদেশে এই প্রক্রিয়া রূপায়ণ করা হবে । আগামী বছরের সাতই ফেব্রুয়ারি ভোটার তালিকা প্রকাশ করা হবে ।

---------------------------------------------------------------------------------------

মিজোরাম দেশের মধ্যে সবথেকে কম দূর্নীতি হওয়া রাজ্যের তালিকায় দ্বিতীয় স্থান লাভ করেছে । এই তালিকায় লাক্ষাদীপ প্রথম স্থানে রয়েছে । রাজ্যের মূখ্যমন্ত্রী পু লাল্ডুহোমা সতর্কতা সচেতনতা সপ্তাহ-২০২৫ উপলক্ষ্যে একথা ঘোষনা করেন । এই সফলতার ক্ষেত্রে রাজ্য সরকারের সুপ্রশাসন ও স্বচ্ছতার নীতি উৎসাহ যুগিয়েছে বলে তিনি জানান । সেইসঙ্গে তিনি দূর্নীতির বিরুদ্ধে লড়াই করার ক্ষেত্রে জনসাধারণের ঐক্যবদ্ধ ও দায়বদ্ধ প্রচেষ্টার কথাও উল্লেখ করেন । উল্লেখ্য করাপশন পারসেপশন ইনডেক্স-২০২৪ অনুসারে ভারত বিশ্বের ১৮০ টি দেশের মধ্যে দূর্নীতিমুক্ত দেশ হিসেবে ৯৬তম স্থানে রয়েছে ।

---

প্রায় তিন দশক পর শিলচর ও আগরতলার মধ্যে পুনরায় বিমান সেবা আগামীকাল থেকে আরম্ভ হবে । গতসন্ধ্যায় আগরতলা ও পশ্চিমবঙ্গের বাগডোগরার মধ্যে সরাসরি বিমানসেবা আরম্ভ হয় । ভারতীয় বিমান বন্দর কর্তৃপক্ষের আগরতলার সহকারী মহাপ্রবন্ধক এস. হাউকিপ জেম্পু বলেছেন যে- এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস আগরতলার মহারাজা বীর বিক্রম বিমানবন্দর থেকে গতকাল সন্ধ্যায় বাগডোগরা পর্যন্ত বিমান সেবা আরম্ভ করেছে । তিনি আরও বলেন যে- আগামীকাল থেকে সপ্তাহে দুবার মঙ্গলবার এবং শুক্রবার শিলচর এবং আগরতলার মধ্যে বিমান চলাচল করবে । প্রায় ত্রিশ বছর পর উত্তর-পূর্বাঞ্চলের এই দুটি শহরের মধ্যে 'ইন্ডিগো' বিমানসেবা আরম্ভ করবে । এরফলে আগরতলা থেকে দেশের দশটি স্থানের সঙ্গে সরাসরি বিমান যোগাযোগ গড়ে উঠবে ।

---

সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ ছটপূজার তৃতীয় দিনের প্রথম অর্ঘ্যের পূজা অনুষ্ঠিত হয়েছে । উপত্যকার তিন জেলার গ্রাম-শহরের নদী, দিঘি, জলাশয় ইত্যাদিতে আজ বিকেলে সূর্যাস্তের সময়ে ছট পূজার ভক্তদের জলে নেমে সূর্যদেবকে অর্ঘ্য প্রদান করতে দেখা গেছে । শিলচর শহরের অন্নপূর্ণা ঘাট, রংপুর ঘাট, সদরঘাট, জানিগঞ্জ ঘাটে বরাক নদীর তীরে, শিলচর এন আই টি'র সংলগ্ন এলাকায় ছোট ছোট জলাশয়, শিলকুড়ির বরমবাবার মন্দির সংলগ্ন ঘাট ইত্যাদিতে অস্থায়ী ঘাট বানিয়ে অসংখ্য ভক্ত আজ বিকেলে অর্ঘ্য প্রদান করেছেন । এছাড়া শ্রীভূমি এবং হাইলাকান্দি জেলারও নদীতীরবর্তী ঘাট, জলাশয় ইত্যাদিতে ভক্তদের অর্ঘ্য দিতে দেখা গেছে ।

এদিকে রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন ছটপূজা উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রীমতি মুর্মু বলেন যে- এই উৎসব সূর্য দেবতা এবং ষষ্ঠী মা'কে পুজো করা তথা প্রকৃতি মাতার প্রতি কৃতজ্ঞতা প্রকাশের সুযোগ করে দেয় । রাষ্ট্রপতি এই উৎসব জনসাধারণের জীবনে সুখ-সমৃদ্ধি বয়ে আনার পাশাপাশি পরিবেশ সংরক্ষণের ক্ষেত্রে সকলকে অনুপ্রাণিত করবে বলে আশা প্রকাশ করেছেন ।
উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন বলেন যে- এই উৎসব জনসাধারণকে সূর্যদেবতা এবং ষষ্ঠী মায়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশের সুযোগ করে দেয় । তিনি একইসঙ্গে এই উৎসব প্রকৃতির সমতা, সামাজিক ঐক্য এবং আধ্যাত্মিক শক্তি প্রদান করে বলেও উল্লেখ

করেছেন । শ্রী রাধাকৃষ্ণন প্রত্যেক ব্যক্তির জীবনে ষষ্ঠী মা সুখ-সম্বৃদ্ধি এবং নতুন শক্তি প্রদান করবেন বলে আশা প্রকাশ করেছেন ।

আসামের রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য ছটপূজা উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । এই পূজা বিশ্বাস, পবিত্রতা, নিষ্ঠা এবং গভীর সাংস্কৃতিক ঐতিহ্যের পাশাপাশি আধ্যাত্মিক মূল্যবোধকে প্রতিফলিত করে বলে রাজ্যপাল মত প্রকাশ করেছেন।

---------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ থেকে সতর্কতা সচেতনতা সপ্তাহ-২০২৫ পালন শুরু হয়েছে । সরকারী প্রশাসন, সরকারী কাজকর্মে স্বচ্ছতা আনা, নীতির প্রয়োজনীয়তার ক্ষেত্রে অধিক গুরুত্ব আরোপ করা এবং দুর্নীতিমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে এই সপ্তাহ পালন করা হচ্ছে । এই সপ্তাহ পালনের বিষয় হচ্ছে- 'সতর্কতা আমাদের সকলের দায়বদ্ধতা' । বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর, সরকারী প্রতিষ্ঠান, ব্যাংক এবং অন্যান্য সংস্থাসমূহের কর্মচারীদের মধ্যে সচেতনতা সৃষ্টির জন্যে শপথ বাক্য পাঠ করানো হয় । উল্লেখ্য- প্রতি বছর অক্টোবর মাসের শেষ সপ্তাহে ভারতরত্ন সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্ম জয়ন্তী উপলক্ষে এই সপ্তাহ পালন করা হয় ।

---------------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যের সঙ্গে হাইলাকান্দি জেলায়ও আজ থেকে সতর্কতা সচেতনতা সপ্তাহ পালন শুরু হয়েছে । সপ্তাহব্যাপী কার্যসূচীর প্রথম দিন আজ জেলার সব সরকারী কার্যালয়ে স্বচ্ছতা ও সততার শপথ গ্রহন করা হয়েছে । অতিরিক্ত আয়ুক্ত লাইরহলু খেনতের পৌরহিত্যে আয়োজিত কেন্দ্রীয় সভায় জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে সকাল ১১টায় আধিকারীক ও কর্মচারীরা স্বচ্ছতা ও সততার শপথ বাক্য পাঠ করেন । এবছর ভিজিল্যান্স সপ্তাহ পালনের মূল বিষয়বস্তু হল : ভিজিল্যান্স : আমাদের সবার ভাগ করা দায়িত্ব ।

---------------------------------------------------------------------------------------